কানাইঘাট স্বাস্থ্য কমপ্লেক্সের (অব.)স্বাস্থ্য সহকারী আব্দুল ওয়াহিদের ইন্তেকাল,রাতে জানাযা

চেম্বার ডেস্ক::কানাইঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবসরপ্রাপ্ত স্বাস্থ্য সহকারী, সাবেক স্কুল শিক্ষক, গবেষনাধর্মী বই মহাকাল দর্পনের লেখক, কানাইঘাট উপজেলার ধলিবিল দক্ষিণ (নয়াগাউ) নিবাসী ডা: মো: আব্দুল ওয়াহিদ (৭৫) আজ বৃহস্পতিবার (২৮ জানুয়ারী) সকাল ১০.৩০ মিনিটের সময় নিজ বাড়ীতে ইন্তেকাল করেছেন(ইন্নানিল্লাহি…. রাজিউন)। আজ রাত ৮ ঘটিকার সময় মরহুমের নামাজে জানাযা স্থানীয় মাছুখাল বাজার সংলগ্ন মাঠে অনুষ্টিত হবে। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৫ ছেলে,১ মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে যান।
উল্লেখ্য, মরহুম ডা: মো: আব্দুল ওয়াহিদ এর ছেলেদের মধ্যে আব্দুল মুনিম বাংলাদেশ সেনাবাহিনীর একজন প্রশাসনিক কর্মকর্তা, আব্দুল করিম বাংলাদেশ কেন্দ্রীয় ব্যাংকের যুগ্ম পরিচালক,আব্দুন নূর ও আব্দুল মুকিত বিশিষ্ট ব্যবসায়ী, সব ছোট ছেলে আব্দুল হামিদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক।